

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
বাজেট অধিশাখা

বিষয়ঃ বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ জনাব মোঃ মিজানুর রহমান অতিরিক্ত সচিব স্বাস্থ্য সেবা বিভাগ
সভার তারিখ	ঃ ১৭-১২-২০১৭খ্রি.
সভার সময়	ঃ সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান	ঃ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
সভার উপস্থিতি	ঃ পরিশিষ্ট-ক

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার বিষয়সমূহ উপস্থাপনের জন্য ড. মোঃ এনামুল হক, উপসচিব (বাজেট)-কে অনুরোধ জানান। উপসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ এবং সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালের বিভিন্ন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য ২০১৭-১৮ অর্থ বছরে ৮,৮৯,৬৬,০০০/- (আট কোটি ঊননব্বই লক্ষ ছেষট্টি হাজার) টাকার একটি কর্মসূচি অর্ন্তভুক্ত রয়েছে। তিনি উক্ত কর্মসূচির বিস্তারিত বিভাজন সভায় উপস্থাপন করেন। কর্মসূচিভুক্ত কার্যক্রমসমূহের ৩টি তালিকা সভায় উপস্থাপন করা হলে এর উপর বিস্তারিত আলোচনা করা হয়। জনাব মোঃ মিজানুর রহমান, অতিরিক্ত সচিব (বাজেট) জানান যে, বৈদ্যুতিক কাজের যে তালিকা করা হয়েছে উক্ত তালিকাভুক্ত মেরামত ও নবায়ন এবং মেরামত ও পরিবর্তন কাজ একসাথে উল্লেখ থাকায় বিষয়টি স্পষ্ট নয় যে বর্ণিত কাজটি মেরামত সংক্রান্ত না পরিবর্তন/নবায়ন সংক্রান্ত। এছাড়া তিনি আরও উল্লেখ করেন যে, বৈদ্যুতিক যন্ত্রপাতি অকেজো ঘোষণা কোন প্রক্রিয়ায় অথবা কোন কমিটির মাধ্যমে করা হয় তা স্পষ্ট হওয়া প্রয়োজন। আলোচনায় অংশ নিয়ে ডাঃ আ.এ মোঃ মহিউদ্দিন ওসমানী, যুগ্মপ্রধান (পরিকল্পনা) জানান যে, একই ধরনের কাজ তালিকার ভিন্ন ভিন্ন ক্রমিকে উল্লেখ করায় (যথা তালিকা ২ এর ক্রমিক নং ১১ ও ১২) কাজগুলো সম্পর্কে স্পষ্ট ধারণা পাওয়া যায় না। তাই কাজের বর্ণনাগুলি সুনির্দিষ্ট ও স্পষ্ট হওয়া প্রয়োজন বলে তিনি উল্লেখ করেন।

২। সভায় উপস্থিত গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী (পিপিপি) জনাব মোঃ মাহফুজুল আলম জানান, কর্মসূচিভুক্ত সকল কাজের সুনির্দিষ্ট বিবরণ বিস্তারিত প্রাক্কলনে উল্লেখ করা আছে। তালিকাভুক্ত কার্যক্রমগুলি সুনির্দিষ্টভাবে বিস্তারিত উল্লেখ করে পরবর্তী বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন করা হবে বলে তিনি জানান।

৩। সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

- বৈদ্যুতিক যন্ত্রপাতির তালিকায় মেরামত ও নবায়নযোগ্য কাজ আলাদা আলাদাভাবে উল্লেখ করতে হবে।
- বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহারের অযোগ্য ঘোষণার বিষয় স্পষ্ট করতে হবে।
- একই ধরনের কাজের তালিকা একই ক্রমিকে উল্লেখ করে সুনির্দিষ্ট বর্ণনা প্রদান করতে হবে।

৪। তালিকায় বর্ণিত অস্পষ্টতা দূর করে আগামী ৭ কার্যদিবসের মধ্যে কার্যক্রমসমূহের সুনির্দিষ্ট ও সুস্পষ্ট তালিকা বাজেট অধিশাখায় প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বাক্ষরিত/-

(মোঃ মিজানুর রহমান)  
অতিরিক্ত সচিব (বাজেট)  
স্বাস্থ্য সেবা বিভাগ

নং ৪৫.১৩৯.১৪৪.০০.০০.০৩১.২০১২- ৩৬০৫

তারিখঃ ১৯-১২-২০১৭খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

  
(ড. মোঃ এনামুল হক)  
উপসচিব  
ফোনঃ ৯৫১২২১২

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/হাসপাতাল/নার্সিং ও মিডওয়াইফারী/বিশ্বস্বাস্থ্য ও জনস্বাস্থ্য/আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/ঔষধ প্রশাসন ও আইন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (প্রবা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। যুগ্মপ্রধান (পরিবর্তন অনুবিভাগ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। পরিচালক, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।
- ৮। উপসচিব, বাজেট-৪, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। নির্বাহী প্রকৌশলী, সিলেট গণপূর্ত বিভাগ, সিলেট।
- ১১। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ, মহাখালী, ঢাকা।
- ১২। ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
- ১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৪। কর্মসূচি পরিচালক ও উপপরিচালক, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট। (আগামী ৭ কার্যদিবসের মধ্যে কার্যক্রমসমূহের সুনির্দিষ্ট ও সুস্পষ্ট তালিকা বাজেট অধিশাখায় প্রেরণের অনুরোধসহ)
- ১৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।